

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৪.২০২৪-৫৪৬


তারিখ: ১৭ চৈত্র ১৪৩২  
৩১ মার্চ ২০২৬

**বিষয়: সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন অনুসরণ।**

সূত্র: বিদ্যুৎ বিভাগের স্মারক নং-২৭.০০.০০০০.০০০.০৫২.০৭.০০০১.২২.১৭৬, তারিখ: ৮ মার্চ ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত বিদ্যুৎ বিভাগ এর সমন্বিত গাইডলাইন অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

  
31.03.26  
তাহমিনা আক্তার  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৫৫১০১১৮১  
E-mail: lgadmin1@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

স্থানীয় সরকার বিভাগ:

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমুপ), স্থানীয় সরকার বিভাগ;
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৩. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৪. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৫. সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ;
৭. সহকারী সচিব (সকল), হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান:

১. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
৩. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৪. ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা (সকল);
৫. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল);
৭. প্রশাসক, উপজেলা পরিষদ (সকল);
৮. প্রশাসক, পৌরসভা (সকল);
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বিদ্যুৎ বিভাগ (দৃ. আ. উপসচিব, সমন্বয়-২ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
৩. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
সমষ্টি-২ শাখা  
www.powerdivision.gov.bd

স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) মানব উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) পৌরসভা
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) উন্নয়ন
	৫) পানি সরবরাহ (পাস)
	৬) উপজেলা অধিশাখা
	৭) ইউপি অধিশাখা
	৮) অজিট অধিশাখা
	৯) আইন অধিশাখা
ডায়েরি নং.....	
তারিখ: ১৩/৩/১৬	স্বাক্ষর

স্মারক নং : ২৭.০০.০০০০.০০০.০৫২.০৭.০০০১.২২.১৭৬

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২  
০৮ মার্চ ২০২৬

বিষয় : সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন অনুসরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে “সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন” অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মো: মামুন ভূইয়া  
উপসচিব

ফোন : ০২-৪৭১২০৩০৮

ইমেইল : coord-2@pd.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)  
মন্ত্রণালয়/বিভাগ

কার্যার্থে বিতরণ : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

- ১। অতিরিক্ত সচিব (সমষ্টি), বিদ্যুৎ বিভাগ;
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য) এবং
- ৪। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
[www.powerdivision.gov.bd](http://www.powerdivision.gov.bd)

## “বিদ্যুৎ সাশ্রয়ের অঙ্গীকার, আলোকিত হোক সকল পরিবার”

সরকারি অফিসে উবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ
১	লাইটিং	ক) জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম ব্যবহার করা, যথা: Incandescent বা CFL লাইটের পরিবর্তে অধিকতর জ্বালানি সাশ্রয়ী LED লাইট ব্যবহার করা।
		খ) লাইটিং সিস্টেমে Fixture/Casing/Reflector ব্যবহার করার ক্ষেত্রে High Reflection Coefficient এর রং ব্যবহার করা, এতে আলোর উজ্জ্বলতা (Luminosity) বৃদ্ধি পায়।
		গ) কমন স্পেস যেমন: সিঁড়ি/ওয়াশ রুম/ ওয়েটিং রুম/ করিডোর ইত্যাদিতে Motion Sensor নির্ভর লাইটিং সিস্টেম ব্যবহার করা, এতে বিদ্যুতের অপয়োজনীয় ব্যবহার রোধ করা যায়।
		ঘ) Bangladesh National Building Code (BNBC) এ উল্লিখিত কার্যক্রমভিত্তিক নির্ধারিত মাত্রার উজ্জ্বলতা (LUX Level) বজায় রাখা।
		ঙ) বৈদ্যুতিক বাতের উপরিভাগে ধুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাতসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিছন্ন রাখা।
		চ) অফিসের ডেস্কে নির্ধারিত উজ্জ্বলতা (LUX level) বজায় রাখতে টাস্ক লাইটিং (Task Lighting) সিস্টেম ব্যবহার করা।
		ছ) দিনের আলোর (Day Lighting) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
		জ) কাজের ধরণ বিবেচনায় প্রয়োজ্য লাইটিং লোড নির্বাচন করা।
		ঝ) অপয়োজনে লাইটের ব্যবহার পরিহার করা।
২	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	ক) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের Set Temperature, ২৫°C বা এর উপরে রাখা।
		খ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহারের সময় তাপনিরোধক ভাবে কক্ষের দরজা, জানালা বন্ধ রাখা।
		গ) তাপপ্রবাহ রোধে জানালায় Double Glazed/ Low Emission Glass/ পর্দা ব্যবহার করা।
		ঘ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করা।
		ঙ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।

অ: প: প্র:

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ
		<p>চ) পাইপলাইন বা Duct এর তাপ নিরোধক ইনসুলেশন ব্যবস্থা বছরে কমপক্ষে একবার এবং leakage প্রতি মাসে কমপক্ষে একবার পরীক্ষা করা।</p> <p>ছ) উচ্চতর Energy Efficiency Ratio (EER)/ Coefficient of Performance (COP) এর জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার করা। পর্যায়ক্রমে অকেজো ঘোষিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের বিপরীতে ও নতুন ক্রয়ের ক্ষেত্রে উচ্চতর EER/COP সমৃদ্ধ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা যেতে পারে।</p> <p>জ) অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখা।</p>
৩.	রেফ্রিজারেটর	জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত রেফ্রিজারেটর ব্যবহার করা।
৪	ফ্যান	<p>ক) বাজারে প্রাপ্যতা সাপেক্ষে জ্বালানি সাশ্রয়ী (যেমন: BLDC ফ্যান) এবং উচ্চতর সার্ভিস ড্যানুর (m<sup>3</sup>/min/W) ফ্যান ব্যবহার করা।</p> <p>খ) অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা।</p>
৫	প্লাগ লোড	<p>ক) Idle অবস্থায় ডেস্কটপ কম্পিউটার/ ল্যাপটপ সমূহ Power Saving Mode এ রাখা।</p> <p>খ) ডেস্ক ভিত্তিক প্রিন্টার, ফটোকপিয়ার এবং স্ক্যানার ব্যবহারের পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে স্বল্প সংখ্যক যন্ত্রপাতি ব্যবহারকে উৎসাহিত করা।</p> <p>গ) ব্যক্তি পর্যায়ে মাইক্রোওয়েভ ওভেন ব্যবহারের পরিবর্তে গুপভিত্তিক ব্যবহারকে উৎসাহিত করা।</p> <p>ঘ) অপ্রয়োজনে যন্ত্রপাতি বন্ধ রাখা।</p>
৬	নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি নিজস্ব বিদ্যুৎ চাহিদার সম্পূর্ণ/আংশিক (BNBC অনুযায়ী বিদ্যুৎ চাহিদার ন্যূনতম ৩%) সরবরাহের লক্ষ্যে অফিস ভবনের বুফটপে অথবা অফিস প্রাঙ্গণের ফাঁকা জায়গায় নবায়নযোগ্য জ্বালানির উৎস (যেমন: সৌর শক্তি) থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে স্রেডা কর্তৃক প্রণীত নেট মিটারিং গাইডলাইন অনুসরণ করা যেতে পারে।
৭	অন্যান্য	ভবনে বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার সর্বদা তদারকির জন্য IoT Based Building Energy Management System (BEMS) চালুকরণে উৎসাহ প্রদান।

বিদ্যুৎ সাশ্রয়ে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন করুন এবং দেশের মূল্যবান জাতীয় সম্পদ সংরক্ষণে দায়িত্বশীল ও গৌরবময় ভূমিকা রাখুন।